



নিজের ও পরিবারের ব্যাংক হিসাব প্রকাশ করলেন আসিফ মাহমুদ



আসিফ মাহমুদ। ছবি: সংগৃহীত

আসন্ন সিটি করপোরেশন নির্বাচন ঘিরে মেয়র পদে সম্ভাব্য প্রার্থিতা নিয়ে আলোচনার মধ্যে নিজের ও পরিবারের আর্থিক তথ্য প্রকাশ্যে এনেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া।

বুধবার (৪ মার্চ) সন্ধ্যায় রাজধানীর বাংলামোটরে দলীয় কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি ব্যাংক হিসাবের বিস্তারিত তুলে ধরেন। দুর্নীতির অভিযোগ নিয়ে যে আলোচনা তৈরি হয়েছে, তার জবাব দিতেই এই পদক্ষেপ বলে জানান তিনি।

আসিফ মাহমুদ বলেন, অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা পদ ছাড়ার সময় মন্ত্রিপরিষদ বিভাগে নিজের আয়-সম্পদের পূর্ণাঙ্গ বিবরণ জমা দিয়েছিলেন। তবুও জনমনে সংশয় থাকায় স্বচ্ছতা নিশ্চিত করতে পরিবারের সদস্যদের ব্যাংক হিসাবও প্রকাশ করেছেন।

তার তথ্য অনুযায়ী, মায়ের একমাত্র ব্যাংক হিসাবে রয়েছে ২১ হাজার ১৫৪ টাকা। স্ত্রীর হিসাবে জমা আছে ৬১৩ টাকা। তার নিজের দুটি ব্যাংক হিসাবের একটি সঞ্চয়ী হিসাবে রয়েছে ৯ হাজার ৯৩০ টাকা। অন্যটি ছিল বেতনভিত্তিক অ্যাকাউন্ট, যেখানে উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালনের সময় বেতন-ভাতা জমা হতো।

তিনি জানান, ১৬ মাস দায়িত্ব পালনের সময়ে গড়ে মাসে প্রায় ১ লাখ ৬৫ হাজার টাকা করে বেতন পেয়েছেন। ওই হিসাবে মোট জমা হয়েছে ৮৫ লাখ ৮১ হাজার টাকা এবং ব্যয় হয়েছে ৭৬ লাখ ৩ হাজার টাকা। বর্তমানে সেখানে অবশিষ্ট আছে ৯ লাখ ৭৮ হাজার ৬২৬ টাকা। সব মিলিয়ে তার দুই হিসাবে মোট স্থিতি প্রায় ৯ লাখ ৭৮ হাজার টাকার মতো।